তারিখঃ- ২৭/০২/২০১৮ইং

## নির্বাহী কমিটির (২০১৮-২০১৯) ২য় সভার কার্যবিবরণী ঃ

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪ এর (২০১৮-২০১৯) নির্বাহী কমিটির ২য় সভা গত ০২ ফেব্রুয়ারী ২০১৮ ইং রোজ শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেজর (অবঃ) আনিছুর রহমান। সভায় নির্বাহী কমিটির ১৮ জন সদস্য উপস্থিত ছিলেন। সর্বজনাব কামাল হোসেন, সোহাগ হোসেন ও শামীমা মাস্‌উদ মুন্নী সভায় অনুপস্থিত ছিলেন।

১.০ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তর্জমা করেন নির্বাহী সদস্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইন।

২.০ সভাপতি মহোদয়ের সূচনা বক্তব্য ঃ

সভাপতি মহোদয় কোরআন তেলাওয়াতের জন্য নির্বাহী সদস্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইনকে ধন্যবাদ জানান। নব গঠিত কমিটির ২য় সভা এটি। আমাদের দায়িত্ব হলো মাঠ, পার্ক, পুকুর ও সেক্টরের সৌন্দর্য কিভাবে বৃদ্ধি ও উন্নয়ন মূলক কাজ করা যায় এজন্য সকলকেই দায়িত্ব নিয়ে কাজ করা। যদিও এটি একটি ভলান্টারী প্রতিষ্ঠান তারপরও আমি বলব সকলের ব্যস্ততার মাঝে একটু দায়িত্ব নিয়ে সেক্টরের উন্নয়নে আমরা কাজ করে যাবো। উন্নয়ন কর্মকান্ডের মধ্যে মাঠের খেলাধূলা নিয়ন্ত্রন একটি বড় কার্যক্রম। কারণ সেক্টরবাসীর অনেকেরই ছেলে-মেয়ে এ মাঠে খেলাধূলায় অংশগ্রহণ করতে চায়। এজন্য আমরা ছোট মেয়েদের সপ্তাহে দুইদিন খেলার সুযোগ করে দিয়েছি এবং অন্যান্য খেলাধূলার পরিধি বাড়াতে একাডেমী করা হচ্ছে। এছাড়া সেক্টরের বাচ্চাদের খেলার জন্য আইডি কার্ড করে দেয়া হচ্ছে। পার্কের সৌন্দর্য্য বাড়াতে পুকুর পাড়ের চারপাশে, ওয়াক-ওয়ের সাইড দিয়ে ও পার্কের দক্ষিণ-পশ্চিম এবং উত্তর-পশ্চিম কোনায় ফুলের বাগান করেছি। এভাবেই উন্নয়ন কার্যক্রম চলছে এবং এটি চলমান থাকবে ইনশাল্লাহ।

৩.০ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপনের ভিত্তিতে আলোচনা ও অনুমোদন হয়। অতঃপর খেলার মাঠ, পার্ক, পুকুর ও খেলাধুলা নিয়ন্ত্রন সাব কমিটির আহবায়ক জনাব মোঃ সাব্বির আহমেদ তার বক্তব্য রাখেন। তিনি বলেন গত কার্যনির্বাহী কমিটির মিটিংয়ের কার্যবিবরণীতে উল্লেখ ছিল একাডেমীতে যোগদানে ইচ্ছুক শিক্ষার্থীদের মাসিক চাঁদা ২০০০/- টাকা, প্রকৃত পক্ষে তা হবে ৩০০০/- টাকা প্রথম মাসের জন্য। খেলার জন্য মাঠ ব্যবহারে সবার জন্য রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক নয়, যারা শুধুমাত্র ক্রিকেট এবং ফুটবল একাডেমীতে যুক্ত থাকবে এবং ট্রেনিং নিবে কেবল মাত্র তাদের জন্যই রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক। আর যেহেতু সেক্টরের বাইরের ছেলেদের চাপ খুবই বেশি আর তাদের কারনে সেক্টরের ছেলেরা মাঠে খেলার সুযোগ খুবই কম পায়। তাই ফুটবল ও ক্রিকেট ছাড়া অন্যদের জন্য একটি আইডি কার্ড দেয়া হবে। যার ফলে তারা এই আইডি কার্ড দেখিয়ে মাঠে প্রবেশ করবে এবং মাঠ খালি থাকা স্বাপেক্ষে খেলাধুলা করতে পারবে। আবার কাঠের বলে খেলার সময় মাঠের চারদিকে নিরাপত্তা বেষ্টনি বা নেট অবশ্যই থাকতে হবে। অন্যথায় বড় ধরণের দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে । সভাপতি মহোদয় বলেন, এমপি কামাল ইবনে ইউসুফের ভাইয়ের ছেলে ক্রিকেট খেলার সময় মাথায় বল লেগে মারাত্মক আহত হয়েছিলো এবং শেষ পর্যন্ত মারা গিয়েছিলো। তাই সভাপতি মহোদয় Hard Ball দিয়ে ক্রিকেট খেলার সময় সর্বোচ্চ নিরাপত্তার বিষয়ে সতর্ক থাকতে বলেছেন অর্থাৎ



উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

উঁচু নেট মাঠের চারিদিকে লাগানোর বিষয়ে জোড় দেন। সাধারণ ব্যবহারকারীদের জন্য সকাল ৬ টা থেকে বেলা ১০ টা পর্যন্ত এবং বিকাল ৩ টা থেকে ৫টা পর্যন্ত খেলতে পারবে। এ জন্য কোন ফি প্রদান করতে হবে না।

৪.০ নিয়োগকৃত নতুন অফিস সম্পাদকের নাম রিফাত আহমেদ, পদবী নির্ধারণ হয়েছে " প্রশাসনিক কর্মকর্তা " । অফিস সময় সকাল ১০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত ও অন্যান্য নিয়োগ পত্রে উল্লেখ করা হয়েছে। সমিতির অফিস সম্পর্কিত অনেক দায়িত্ব পালন করতে হবে "প্রশাসনিক কর্মকর্তা" হিসেবে। কারণ বিগত সময়ে সমিতির অনেক কাগজপত্রই আপডেট নাই। অনেক সদস্যের কোন ফাইলই সংরক্ষন করা হয়নি। এছাড়াও যেকোন চিঠি লেখা, সময় মতো পৌছানো, কর্মচারীদের ব্যক্তিগত ফাইল ও ছুটি নিয়ন্ত্রন, অফিসের বিভিন্ন ক্রয়, মাস শেষে আয়-ব্যয়ের হিসাব লক্ষ্য রাখা এবং অফিস নিয়ন্ত্রনের সকল দায়িত্ব নিয়ে কাজ করাই হবে প্রশাসনিক কর্মকর্তার মূল দায়িত্ব। এছাড়াও উপস্থিত সময় অনুযায়ী অফিসের অন্যান্য সকল কাজও করে যেতে হবে।

৫.০ কোষাধ্যক্ষ কর্তৃক জানুয়ারী-১৮ এর সকল আয়-ব্যয় সভায় আলোচনা সাপেক্ষে অনুমোদিত হয়। যা নিচে তুলে ধরা হলো।

| | |
|---|---|
| **প্রকৃত আয়ঃ** | |
| মাসিক সার্ভিস চার্জ | : ১১,১১,৩০০/- |
| বাৎসরিক চাঁদা | : ৩,৫০০/- |
| বিবিধ | : ৬৩,৭৩১/- |
| সাধারণ আয় | : ৬৮,৯২০/- |
| মোট | : ১২,৪৭,৪৫১/- |
| **প্রকৃত ব্যয়ঃ** | |
| বেতন ও অগ্রিম | ঃ ৯,৩৭,৮৯০/- |
| ছাপা ও মনোহারী | : ১৩,১৬৮/- |
| আসবাব পত্র ও যন্ত্রপাতি ক্রয় | : ২,৭৩০/- |
| সভা ও অনুষ্ঠান | : ২৩,৮৭৩/- |
| মেরামত ও রক্ষণাবেক্ষণ | : ১৬,২৮৯/- |
| ইউটিলিটি বিল | : ৭৯,৮৯১/- |
| বিবিধ | : ১০,৫৯০/- |
| বিভিন্ন উন্নয়ন খাতে ব্যয় | : ১,৪২,২৭২/- |
| সর্বমোটঃ | : ১২,২৬,৭০৩/- |

**প্রারম্ভিক স্থিতিঃ** ৭৮,৯৪,১৬০/-
**সমাপনী স্থিতিঃ** ৭৯,১৪,৯০৮/-
**আয়ের অধিক ব্যয়** ২০,৭৪৮/-



নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণঃ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৩৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

ইঞ্জিঃ মোঃ আনাম হোসেন বলেন ব্যয় খাতে বেতন ও অগ্রিমের হিসাবটি আলাদা থাকলে ভালো হয়, সকল আয়-ব্যয়ের একটি ব্রেক-আপ থাকা দরকার। এছাড়াও ছাপা ও মনোহরীর খরচ তুলনুমূলক বেশি হচ্ছে বলে মনে হয়। যা সংশোধনী হিসেবে সকলেই একমত পোষন করেন এবং সভাপতি মহোদয় প্রতি মাসে এ্যাকাউন্টস তদারকি করার জন্য কার্যনির্বাহী পরিষদের সকলকেই অনুরোধ করেন।

৬.০ পুরাতন সদস্যদের অনেকেরই কাগজপত্র মিসিং ও ফাইল পত্রের অনেক তথ্যাদি ভুল যা সংশোধনের জন্য সাব-কমিটির আহ্বায়ককে বলা হয়। প্রতি মাসের সার্ভিস চার্জ সঠিক ভাবে আদায় হচ্ছে কিনা সে ব্যাপারে আহ্বায়ক আ.ক.ম আব্দুর রহমান মিয়াকে সজাগ দৃষ্টি দেয়ার আহবান জানানো হয়।

৭.০ সমিতির বাৎসরিক যত আয়-ব্যয় হয় প্রতি বছরই তা বাজেট নির্ধারণ করে বাজেট সভায় অনুমোদন নিতে হয়। একটি নিখুত বাজেট তৈরীর জন্য সভাপতি মহোদয় সকল সাব-কমিটির আহ্বায়কদের প্রয়োজনীয় খসড়া দ্রুত তৈরীর কথা ব্যক্ত করেন । যেহেতু গঠনতন্ত্রে উল্লেখ আছে মার্চ মাসের মধ্যেই বাজেট সভা করতে হবে তাই আমাদেরকেও এর বাইরে যাওয়া যাবে না। সবদিক বিবেচনা করে বাজেট সভার তারিখ ৩০ মার্চ ২০১৮ রোজ শুক্রবার নির্ধারণ করা হয়।

৮.০ নিরাপত্তা বিভাগের বয়স্ক গার্ডদের নিয়ে প্রথমেই বিভিন্ন আলোচনা করা হয়। পূর্বে সাব-কমিটির সভার অধিক-বয়স্ক শারীরিক যোগ্যতা বিবেচনা করে ১৬ জন গার্ড আনফিট করা হয়। যাদেরকে সোনালী করমর্দনের মাধ্যমে ৩ মাসের এককালীন বেতন প্রদান করে অব্যাহতি প্রদানের পক্ষে সকলেই মত দেন। ফলে ৮ জন করে পর্যায়ক্রমে ২টি মাসে তাদেরকে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত হয়। সেক্টরবাসীর রাতের ঘুমের সুবিধার্থে নির্মান কাজের প্রয়োজনীয় মালামালের গাড়ি প্রবেশের সর্বোচ্চ সময়সীমা রাত ১২ টা করা হয়েছে। পূর্বে ভাসমান কিছু দোকানগুলোর অনুমোদন সীমাবদ্ধ থাকলেও বর্তমানে তা ক্রমশই বাড়তে শুরু করেছে। দোকান মালিকরা বিভিন্ন ব্যক্তিবর্গের দোহাই দিয়ে এগুলো চলমান রাখছে যার ফলে আজে-বাজে লোকের আড্ডাখানা তৈরী হচ্ছে। এই সকল দিক বিবেচনা করে ভাসমান সকল দোকান উচ্ছেদের সিদ্ধান্ত চূড়ান্ত হয়।

**বিবিধঃ** পার্কের ভিতরে ব্যবহৃত বৈদ্যুতিক তার ঝড়-বৃষ্টির কারণে অনেক সময়ই ছিঁড়ে যায় ফলে রাতে হাটা-চলার অসুবিধা হয়ে যায়। ল্যামপোষ্টের জন্য ব্যবহৃত বৈদ্যুতিক সকল তার মাটির নিচে দিয়ে ব্যবহারের জন্য প্রাথমিক কাজ শুরু করার অনুমোদন হয়। যার মজুরী ব্যয় ১ লক্ষেরও কিছু বেশি।

এছাড়াও পার্কের জন্য ব্যবহৃত বাথরুম পুরুষ ও মহিলা একত্রে হওয়ায় ব্যবহারে বিভিন্ন সমস্যা হয়। তাই মহিলাদের জন্য পৃথক টয়লেটের নির্মাণ কাজ শিগরিরই শুরু করার অনুমোদীত হয়।



নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণঃ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৩৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪
সড়ক নং-৬/এ, উত্তরা মডেল টাউন ঢাকা।
সভাপতি ঃ মেজর (অবঃ) আনিছুর রহমান, সাধারণ সম্পাদক ঃ কামাল হোসেন

লক্ষ্য করা গেছে অধিকাংশ সময় মেইন রোড থেকে বড় বড় গাড়ি সেক্টরের ভিতরের রাস্তা দিয়ে ঢুকে যায়। ফলে প্রায়ই অধিক যানজট সৃষ্টি হয় । এজন্য যে সকল রোড বর্তমানে খোলা আছে সবগুলোতে গেইট নির্মান এবং দ্রুত ৪নং রোডের গেইটের নির্মাণ কাজ শুরুর সিদ্ধান্ত হয়।

আরো এজেন্ডা থাকা সত্ত্বেও সময় না থাকায় আর কোন আলোচনা করা সম্ভব হয়নি। ফলে সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে বাকী এজেন্ডাগুলো পরবর্তী মিটিংয়ে আলোচনার সিদ্ধান্ত দেন।

ধন্যবাদান্তে

কামাল হোসেন
সাধারণ সম্পাদক
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪

বিতরণঃ

১. নির্বাহী কমিটির সকল সদস্য।
২. অফিস কপি।



নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণঃ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী ০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, কল সেন্টার ঃ ০৯৬৩৬৭৭৭২২২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org